



ঢাবি গার্হস্য অর্থনীতি ইউনিটের ভর্তি পরীক্ষায় পাসের হার ৮৭.৪৮

প্রকাশিত: ১৩ - নভেম্বর, ২০১৯ ১২:০০ এ. এম.

বিশ্ববিদ্যালয় রিপোর্টার || ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) জীববিজ্ঞান অনুষদভুক্ত গার্হস্য অর্থনীতি ইউনিটের ২০১৯-২০ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক শ্রেণীর ভর্তি পরীক্ষায় পাসের হার ৮৭ দশমিক ৪৮ ভাগ।

গত ৮ নবেম্বর অনুষ্ঠিত গার্হস্য অর্থনীতি ইউনিটের ভর্তি পরীক্ষায় ৭ হাজার ৯শ' ৪২ শিক্ষার্থী অংশগ্রহণ করে। এর মধ্যে ৬ হাজার ৯শ' ৪৮ শিক্ষার্থী উত্তীর্ণ হয়েছে। তবে আসন সংখ্যা সীমাবদ্ধতার কারণে ২ হাজার ৪শ' ৭৫ শিক্ষার্থী ভর্তির সুযোগ পাবে। পরীক্ষার বিস্তারিত ফলাফল ধফসরংবড়হ.বরং.ফঁ.ধপ.নফ ওয়েবসাইটে জানা যাবে। এছাড়া, যে কোন অপারেটরের মোবাইল ফোন থেকে উট?>মড়প<>ডড়ষষ্ঠ টাইপ করে ১৬৩২১ নম্বরে এসএমএস করে ফলাফল জানা যাবে। উত্তীর্ণ শিক্ষার্থীদের আগামী ১৯ থেকে ২৭ নবেম্বর পর্যন্ত নির্ধারিত ওয়েবসাইটে বিভাগ পছন্দ ফরম পূরণ করতে হবে। বিভিন্ন কোটায় আবেদনকারী উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের কোটার ফরম ১৯ থেকে ২৭ নবেম্বর তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জীববিজ্ঞান অনুষদের ডিন অফিস থেকে সংগ্রহ করতে হবে এবং যথাযথভাবে পূরণ করে একই অফিসে জমা দিতে হবে।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কত্তৃক গ্লোব জনকষ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকষ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকষ্ঠ ভবন, ২৪/ এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইক্সটার্ন, জিপিও বাস্ক: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৮৪৭৭৮০-৯৯ (অটোহাস্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৮৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com || Copyright ® All rights reserved by dailyjanakantha.com

Developed By
Bikiran.Com